দৈনিক জনকণ্ঠ

৮

তারিখ 0 1 JAN 1997
পৃঃ ১২ কলাম ৮

# গবর্নমেন্ট ল্যাব স্কুলের শিক্ষকদের গণবদলির সিদ্ধান্ত!

শরিফুজ্জামান পিন্টু

রাজধানীর গবর্নমেন্ট ল্যাবরেটরী স্কুলের শিক্ষকদের গণবদলি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় স্কুলের প্রধান শিক্ষকসহ ষোলজন শিক্ষককে ঢাকার বাইরে বদলি করার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরকে নির্দেশ দিয়েছে। ঐ নির্দেশ কার্যকর হলে স্কুলের ঐতিহ্য ম্লান ও শিক্ষার গুণগত মান হ্রাস পাবে বলে আশঙ্কা করা হচ্ছে।

জানা যায়, শিক্ষকদের দলাদলি ও পেশাগত প্রতিহিংসার কারণে এ বদলি আদেশ দেয়া হয়েছে। দীর্ঘদিন ধরে কিছু শিক্ষক ঐতিহ্যবাহী এ স্কুলে মাথা ঢোকাবার চেষ্টা করছেন। অন্যদিকে একটি মৌলবাদী রাজনৈতিক সংগঠন সমর্থিত শিক্ষক সমিতির জনৈক নেতা এ স্কুলে তার দল ভারি করার জন্য বিগত বিএনপি সরকারের শাসনামল থেকে চেষ্টা করে আসছে। তার চেষ্টার অংশ হিসাবে '৯৩ সালে এই ১৫ জন শিক্ষককে বদলির জন্য তালিকাভুক্ত করা হয়। কিন্তু অভিভাবকদের আপত্তি ও প্রতিবাদের মুখে তা স্থগিত হয়ে যায়।

জানা যায়, ল্যাবরেটরী স্কুলে দিবা শাখায় শিক্ষক সংখ্যা চব্বিশ। এঁদের মধ্যে প্রধান শিক্ষকসহ ষোলজনকে ঢাকার বাইরে বদলির জন্য তালিকাভুক্ত করা হয়েছে। ল্যাবরেটরী স্কুলকে দেশের অন্যতম স্কুল হিসাবে প্রতিষ্ঠিত করার জন্য এসব শিক্ষকের অবদান অনস্বীকার্য। নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষক জানান, মৌলবাদী রাজনৈতিক দল সমর্থিত শিক্ষক সমিতির জনৈক নেতা দীর্ঘদিন ধরে এ স্কুলে তাঁর প্রভাব বৃদ্ধির জন্য পছন্দমতো শিক্ষক আনার চেষ্টা চালাচ্ছেন। তিনি জানান, বিএনপি শাসনামলে আমাদের ১৫ শিক্ষককে আওয়ামী লীগের সমর্থক বলে চিহ্নিত করা হয়েছিল। যে কারণে তখন আমাদের বদলির জন্য তালিকাভুক্ত করা হয়। এখন আওয়ামী লীগের শাসনামলে উপর মহলে বোঝানো হয়েছে যে, আমরা বিএনপি'র সমর্থক। তাই হয়ত আবারও এ বদলি আদেশ।